



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ব্রাহ্মণবাড়িয়া-৩৪/১০৯

তারিখ: ১০ বৈশাখ ১৪৩২
২৩ এপ্রিল ২০২৫

বিষয়: ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা উপজেলাধীন আজগর আলী দাখিল মাদ্রাসার সুপার মোহাম্মদ আবদুর রহমান সরকার-কে স্বপদে পুনর্বহাল প্রসঙ্গে।

- সূত্র: (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, প্রশাসন শাখা এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.২৫-৬৬০; তারিখ: ২৯ ডিসেম্বর, ২০২৬
 (২) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/ব্রাহ্মণবাড়িয়া-৩৪/০৯; তারিখ: ১১ জানুয়ারি, ২০২৬
 (৩) আজগর আলী দাখিল মাদ্রাসা কর্তৃক নং-আদামা/২০২৬ (০৩); তারিখ: ১৪ জানুয়ারি, ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে, ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা উপজেলাধীন আজগর আলী দাখিল মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার জনাব মোহাম্মদ আলীকে অব্যাহতি দিয়ে তার পরিবর্তে প্রকৃত সুপার জনাব মো: আবদুর রহমান সরকার-কে উক্ত পদে দায়িত্ব পালনের আদেশসহ পত্র প্রদান সংক্রান্ত বিষয়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, প্রশাসন শাখা থেকে সূত্রোক্ত ০১ নং স্মারকে চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর একটি পত্র প্রেরণ করা হয়। একইসাথে সুপার জনাব মো: আবদুর রহমান সরকার স্বপদে বহালের জন্য মাদ্রাসা বোর্ডে একটি আবেদন করেন। পরবর্তীতে সুপার জনাব মো: আবদুর রহমান সরকার-কে স্বপদে দায়িত্ব দেয়ার বিষয়ে সুস্পষ্ট ব্যাখ্যা চেয়ে মাদ্রাসার সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারের নিকট বোর্ড কর্তৃক সূত্রোক্ত ০২ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। পত্রের প্রেক্ষিতে ভারপ্রাপ্ত সুপার ও সভাপতি সূত্রোক্ত ০৩ নং স্মারকে জবাব প্রদান করেছেন। জবাব পর্যালোচনায় দেখা যায়, উক্ত সুপারের বিরুদ্ধে মাদ্রাসার সরকারি ও বেসরকারি খাতের অর্থ আত্মসাৎ সংক্রান্ত মামলা সিআর-৪৭০/২০২২ চলমান ও সুপার পদে বহাল ও বলবৎ বিষয়ে সুপার কর্তৃক দায়েরকৃত দেওয়ানী মামলা ৪৯/২০২২ চলমান রয়েছে। তবে সিআর-৪৭০/২০২২ থেকে উদ্ধৃত মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ক্রিমিনাল মিস কেস নং-৪৪৪১১/২০২৫ এর রায়ে আগামী নভেম্বর/২০২৬ পর্যন্ত স্থগিত করা হয়েছে মর্মে সুপারের আবেদন পর্যালোচনায় দেখা যায়।

যেহেতু সুপার জনাব মোঃ আবদুর রহমান সরকার ০২ নভেম্বর ২০১৯ তারিখ থেকে অদ্যাবধি সংশ্লিষ্ট মাদ্রাসায় দায়িত্ব পালন করতে পারছেন না। উক্ত সময়ে মাদ্রাসার প্রতিষ্ঠাতাদের সঙ্গে স্থানীয় প্রভাবশালী মহলের বিরোধের প্রেক্ষিতে তিনি প্রতিষ্ঠাতাদের পক্ষাবলম্বন করেন। এর ফলস্বরূপ, মাদ্রাসার সভাপতি কোনো প্রকার আনুষ্ঠানিক বরখাস্ত বা অপসারণ আদেশ জারি না করেই তাকে প্রতিষ্ঠান থেকে বের করে দেন। পরবর্তীতে উক্ত সভাপতি কর্তৃক তার বিরুদ্ধে বিভিন্ন ধরনের মামলা দায়ের করা হয় মর্মে প্রতীয়মান হয়।

বর্ধিত পরিস্থিতিতে, ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা উপজেলাধীন আজগর আলী দাখিল মাদ্রাসার সূত্র ও কার্যকর পরিচালনার স্বার্থে বিষয়টি বিশেষভাবে বিবেচনার দাবি রাখে। সুপার জনাব মোঃ আবদুর রহমান সরকার দীর্ঘদিন ধরে মাদ্রাসার বাইরে অবস্থান করায় প্রতিষ্ঠানটির শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে এবং ছাত্র-ছাত্রীদের স্বাভাবিক পড়াশোনায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে। পাশাপাশি, তিনি কোনো প্রকার সরকারি বেতন-ভাতা প্রাপ্ত না হওয়ায় মানবতের জীবনযাপন করতে বাধ্য হচ্ছেন।

এমতাবস্থায়, সামগ্রিক দিক বিবেচনা করে সুপার কর্তৃক দায়েরকৃত দেওয়ানী মামলা নং ৪৯/২০২২ প্রত্যাহারের শর্তে তাকে পুনর্বহালপূর্বক দায়িত্ব বৃদ্ধিতে দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৩.৪.২৬

প্রফেসর হালেহ আহমাদ

রেজিস্ট্রার

ফোন: ০২-৯৬১২৮৫৮

ইমেইল: registrar@bmeb.gov.bd

নং- বামাশিবো/প্রশা/ব্রাহ্মণবাড়িয়া-৩৪ /১০৯(১১)

তারিখ: ১০ বৈশাখ ১৪৩২
২৩ এপ্রিল ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া;
৩. জেলা শিক্ষা অফিসার, ব্রাহ্মণবাড়িয়া;
৪. উপজেলা নির্বাহী অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া;
৬. ম্যানেজার, সোনালী/বুপালী/অগ্রণী/জনতা ব্যাংক পিএলসি,....., শাখা, কসবা, ব্রাহ্মণবাড়িয়া;
৭. সভাপতি, আজগর আলী দাখিল মাদ্রাসা, কসবা, ব্রাহ্মণবাড়িয়া;
৮. সুপার, মোঃ আবদুর রহমান সরকার, আজগর আলী দাখিল মাদ্রাসা, কসবা, ব্রাহ্মণবাড়িয়া;
৯. ভারপ্রাপ্ত সুপার, আজগর আলী দাখিল মাদ্রাসা, কসবা, ব্রাহ্মণবাড়িয়া;
১০. পি টু টি চেয়ারম্যান/পি এ টি রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
১১. অফিস কপি।

২৩

মোঃ আব্দুর রশিদ

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ০২-৯৬৭৪৮৭৪

ইমেইল: dradmin@bmeb.gov.bd